

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৪২

আগরতলা, ১১ জানুয়ারি, ২০১৯

পঞ্চদশ অর্থ কমিশন রাজ্যে আসছে
আগামী ১৬ জানুয়ারি

পঞ্চদশ অর্থ কমিশনের চেয়ারম্যান সর্বশ্রী এন কে সিং-এর নেতৃত্বে কমিশনের ১৫ জনের সদস্য-সদস্যা সহ এক উচ্চপর্যায়ের প্রতিনিধিদল তিনদিনের রাজ্য সফরে আগামী ১৬ জানুয়ারি আগরতলায় আসছেন। প্রতিনিধিদলে রয়েছেন কমিশনের সদস্য সর্বশ্রী ড. অনুপ সিং, ড. অশোক কুমার লাহিড়ি, ড. রমেশ চান্দ এবং সচিব অরবিন্দ মেহেতা সহ উচ্চপর্যায়ের আধিকারিকবৃন্দ।

রাজ্যে অবস্থানকালে প্রতিনিধিদল ১৬ জানুয়ারি বিকাল ২টা থেকে পর্যায়ক্রমে ত্রিস্তর পঞ্চায়েত, নগরোন্নয়ন সংস্থা ও ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদের নির্বাচিত প্রতিনিধিবৃন্দ, রাজ্যের শিল্প ও বাণিজ্য সংস্থার প্রতিনিধি এবং জাতীয় ও রাজ্য স্বীকৃত রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে সোনারতরী অতিথি নিবাসে তাদের বক্তব্য রাখবেন ও মত বিনিময় করবেন। দ্বিতীয় দিন সকাল সাড়ে নয়টায় কমিশনের পুরোদল রাজ্যের মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব সহ রাজ্য মন্ত্রিসভার সদস্য ও উচ্চপর্যায়ের অফিসারদের সঙ্গে রাজ্যের আর্থিক অবস্থা, রাজস্ব আদায়, ঘাটতি, পরিকাঠামো উন্নয়ন ও ভবিষ্যতের উন্নয়নমূলক পরিকল্পনা বিষয়ক রাজ্যের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করবেন। আলোচনার পর চেয়ারম্যানের নেতৃত্বে কমিশনের প্রতিনিধিগণ সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখবেন। প্রতিনিধিদল আগামী ১৮ জানুয়ারি সকালে রাজ্য ত্যাগ করবেন।

গতকাল মহাকরণের কনফারেন্স হলে মুখ্যসচিব এল কে গুপ্তার পৌরোহিত্যে উচ্চপর্যায়ের এক আলোচনা সভা অনুষ্ঠিত হয় এবং কমিশনের আসন্ন সফর সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
